গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

GAZIPUR AGRICULTURAL UNIVERSITY

স্মারক নং- গাকৃবি/প্রশা:/ই-০৫/২০২৩/৪৫১৯

তারিখ: ১৪/১০/২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতন গ্রেড	বিভাগ/শাখার নাম ও পদসংখ্যা
১.	অধ্যাপক, গ্রেড-৩ (৳ ১১৩০০০-১৪৮৮০০/-)	কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন বিভাগ-১; কীটতত্ত্ব বিভাগ-১; এনভাইরনমেন্টাল সায়েন্স বিভাগ-১
২.	সহযোগী অধ্যাপক, গ্রেড-৪ (৳ ১০০০০০-১৪২৪০০/-)	কীটতত্ত্ব বিভাগ-১; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ-১; সিলভিকালচার বিভাগ-১
৩.	সহকারী অধ্যাপক, গ্রেড-৬ (৳ ৭১০০০-১৩৪০০০/-)	সিলভিকালচার বিভাগ-১
৪.	চীফ মেডিক্যাল অফিসার, গ্রেড-৩ (৳ ১১৩০০০-১৪৮৮০০/-)	মেডিক্যাল সেন্টার-১
৫.	নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার গ্রেড-৬ (৳ ৭১০০০-১৩৪০০০/-)	আইসিটি সেল-১
৬.	অডিট এন্ড একাউন্টস অফিসার, গ্রেড-৯ (৳ ৪৪০০০-১০৫৯০০/-)	অডিট সেল-১
৭.	পিএ, গ্রেড-১১ (৳ ২৫০০০-৬০৫০০/-)	গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ-১
৮.	ক্যাটালগার, গ্রেড-১১ (৳ ২৫০০০-৬০৫০০/-)	লাইব্রেরি শাখা-১
৯.	স্টোর কীপার, গ্রেড-১২ (৳ ২৪৩০০-৫৮৭০০/-)	কেন্দ্রীয় স্টোর-১
১০.	ড্রাইভার, গ্রেড-১৫ (৳ ২২৮০০-৫৫২০০/-)	যানবাহন শাখা-১
১১.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৬ (৳ ২১৯০০-৫২৯০০/-)	লাইব্রেরি শাখা-১; কৃষিতত্ত্ব বিভাগ-১; কৃষি অর্থনীতি ও গ্রামীণ অনুষদ-১; এগ্রিকালচারাল এন্ড এ্যাপ্লাইড স্ট্যাটিসটিক্স বিভাগ-১
১২.	ডিপটিউবওয়েল অপারেটর, গ্রেড-১৬ (৳ ২১৯০০-৫২৯০০/-)	খামার শাখা-১
১৩.	ল্যাব এটেনডেন্ট গ্রেড-১৯ (৳ ২০৫০০-৪৯৬০০/-)	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ-১
১৪.	অফিস সহায়ক, গ্রেড-২০ (৳ ২০০০০-৪৮৪০০/-)	ফিশারিজ অনুষদ-১

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ১৫/১১/২০২৬ বিকাল ৪ ঘটিকা

আবেদনের নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (gau.edu.bd) থেকে ডাউনলোড করা যাবে।

উল্লেখ্য যে, ২৭/০১/২০২৬ তারিখের গাকৃবি/প্রশা:/ই-০৫/২০২৩/২৭৪৪ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন বিভাগে অধ্যাপক পদে ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের এ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে নতুন করে আবেদন করার দরকার নাই।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

১৪.১০.২০২৬

(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

bekarsfeed.com

১৪/১০/২০২৬ তারিখের গাকৃবি/প্রশা:/ই-০৫/২০২৩/৪৫১৯ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. গাকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট আবেদনপত্র; সহকারী অধ্যাপক পদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র; কর্মকর্তা (ক্রমিক নং ৪ থেকে ৬ পর্যন্ত) পদের জন্য ০৬ (ছয়) সেট এবং কর্মচারী (ক্রমিক নং ৭ থেকে ১৪ পর্যন্ত) পদের জন্য ০১ (এক) টি আবেদনপত্র রেজিস্ট্রার, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A^4 সাইজের কাগজে দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সাথে- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) বিএস/স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান এবং এমএস/স্নাতকোত্তর/সমমানের মেধাক্রমের প্রমাণক যাতে মেধাক্রম এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখ থাকতে হবে (শুধুমাত্র সহকারী অধ্যাপক পদের প্রার্থীদের বেলায় প্রযোজ্য); ৪) প্রথম শ্রেণীর কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৫) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৬) জাতীয় পরিচয়পত্র; ৭) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র; ৮) যেসব পদের ক্ষেত্রে কম্পিউটার প্রশিক্ষণ চাওয়া হয়েছে সেসব পদের ক্ষেত্রে সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান, যেমন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা পরিষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বাকাশিবো) ইত্যাদি হতে প্রাপ্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদ; ৯) শিক্ষক পদের জন্য প্রকাশনা রিপ্রিন্টের ১ম পাতার অনুলিপি; এবং ১০) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A4 সাইজের কাগজে সংযোজন করতে হবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি সত্যায়িত করত: এবং স্ট্যাম্প সাইজের ১ (এক) কপি ছবি (সত্যায়ন ছাড়া) মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করতে হবে। পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম লিখতে হবে।

৪. ক্রমিক নং ১ থেকে ৬ পর্যন্ত পদের প্রার্থীকে ২০০/-(দুইশত); ক্রমিক নং ৭ থেকে ৯ পর্যন্ত প্রার্থীকে ১৫০/-(একশত পঞ্চাশ); ক্রমিক নং ১০ থেকে ১২ পর্যন্ত পদের প্রার্থীকে ১০০ (একশত); ক্রমিক নং ১৩ থেকে ১৪ পর্যন্ত পদের প্রার্থীকে ৫০ (পঞ্চাশ) এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) ৫০ (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক পিএলসি, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫. প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হবে। তবে কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. খামের উপর পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ ও সময় (১৪/১০/২০২৬ হতে ১৫/১১/২০২৬ বিকাল ৪ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, ১৮/১০/২০২৬ হতে ২৪/১০/২০২৬ তারিখ পর্যন্ত দুর্গাপূজা উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এজন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেয়া হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ই-মেইল ঠিকানায় পত্র মারফত/সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত জানানো হবে।

৯. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে।

১০. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। আরোও উল্লেখ্য যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিন্ন নীতিমালা গাকৃবি সিন্ডিকেটে অনুমোদনের তারিখের পূর্বে এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকবৃন্দের পরবর্তী পদে পর্যায়োন্নয়ন/পদোন্নতির ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি (অভিন্ন নীতিমালা কার্যকর হওয়ার পূর্বের নিয়োগবিধি) অনুসরণ করা হবে।

১১. "অভিজ্ঞতা" অর্থ কোন পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাবে।

Shammi

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের যোগ্যতা

নং	পদের নাম ও বেতনক্রম	যোগ্যতা
১.	অধ্যাপক গ্রেড-৩ ৳ ১১৩০০০-১৪৮৮০০/-	১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমানের ডিগ্রি এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ অথবা সমমানের বিভাগ/ শ্রেণি থাকতে হবে। ২. SSC ও HSC অথবা সমমানের পরীক্ষায় সিজিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.৫০ অথবা প্রথম বিভাগ থাকতে হবে। ৩. স্নাতকোত্তর অথবা এমএস অথবা এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ১৭ (সতের) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ১২ (বার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। উল্লেখ্য যে, সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষকতার মোট এবং সংশ্লিষ্ট ধাপে চাহিত মোট সময়কাল ঐ সকল গবেষণা প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা হবে। ৫. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নালে প্রকাশিত হতে হবে।
২.	সহযোগী অধ্যাপক গ্রেড-৪ ৳ ১০০০০০-১৪২৪০০/-	১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমানের ডিগ্রি এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ অথবা সমমানের বিভাগ/ শ্রেণি থাকতে হবে। ২. SSC ও HSC অথবা সমমানের পরীক্ষায় সিজিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.৫০ অথবা প্রথম বিভাগ থাকতে হবে। ৩. স্নাতকোত্তর অথবা এমএস অথবা এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ০৯ (নয়) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ০৭ (সাত) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। উল্লেখ্য যে, সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষকতার মোট এবং সংশ্লিষ্ট ধাপে চাহিত মোট সময়কাল ঐ সকল গবেষণা প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা হবে। ৫. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। যার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম একটি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নালে প্রকাশিত হতে হবে।
৩.	সহকারী অধ্যাপক গ্রেড-৬ ৳ ৭১০০০-১৩৪০০০/-	১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর/এমএস/এমএসসি/এমফিল ডিগ্রি থাকতে হবে। ২. SSC ও HSC অথবা সমমানের পরীক্ষায় সিজিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.৫০ অথবা প্রথম বিভাগ থাকতে হবে। ৩. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ বা প্রথম বিভাগ থাকতে হবে অথবা সংশ্লিষ্ট অনুষদ/বিভাগে ০৫ (পাঁচ) বছর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ বা প্রথম বিভাগ থাকতে হবে। ৪. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক অথবা স্নাতক (সম্মান) অথবা ০৫ (পাঁচ) বছর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী সহকারী অধ্যাপক পদে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। উল্লেখ্য যে, শুধুমাত্র 'পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে পরীক্ষায় মেধা ভিত্তিক ১০% ক্রমধারী শর্তটি' শিথিলযোগ্য। **অভিজ্ঞতা** মাস্টার্স অথবা এমএস অথবা এমএসসি অথবা এমফিল/সমতুল্য ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। উল্লেখ্য যে, সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষকতার মোট এবং সংশ্লিষ্ট ধাপে চাহিত মোট সময়কাল ঐ সকল গবেষণা প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা হবে। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীগণ উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে সরাসরি সহকারী অধ্যাপক পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন। **প্রকাশনা** স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে; যেগুলির মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।

Shamim

bekarsfeed.com

৪.	চীফ মেডিক্যাল অফিসার গ্রেড-৩ ৳ ১১৩০০০-১৪৮৮০০/-	ক) চিকিৎসা বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে; খ) SSC ও HSC/সমমানের পরীক্ষার যে কোন ১ টিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ৩.৭৫ (তিন দশমিক সাত পাঁচ) এবং ৪ (চার) এর মধ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) কমপক্ষে ৩ (তিন) অথবা প্রথম বিভাগ থাকতে হবে; গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর কম জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; ঘ) বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল (BMDC) হতে প্রাপ্ত প্রয়োজনীয় সনদপত্র থাকতে হবে; ঙ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। **অভিজ্ঞতা:** ইন্টার্নশীপ সম্পন্ন করার পর বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে চিকিৎসক হিসেবে ১৫ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার/সমমানের চিকিৎসক হিসেবে কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৫.	নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার গ্রেড-৬ ৳ ৭১০০০-১৩৪০০০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফট্ওয়্যার/ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স/ফলিত পদার্থ এন্ড ইলেক্ট্রনিক্স; খ) SSC হতে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি পর্যন্ত যে কোন দুটি পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ৩.৭৫ (তিন দশমিক সাত পাঁচ) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ৩ (তিন) এবং অন্যটিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) থাকতে হবে অথবা নম্বর পদ্ধতিতে যে কোন দুটি পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী। **অভিজ্ঞতা:** পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে টেকনিক্যাল অফিসার (আইসিটি)/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/সমমানের ৯ম গ্রেড/তদুর্ধ্ব কর্মকর্তা পদে ৪ (চার) বছরের অভিজ্ঞতা। **অথবা** ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বিএসসি (সম্মান) ইন কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফট্ওয়্যার/ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স/ফলিত পদার্থ এন্ড ইলেক্ট্রনিক্সসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতকোত্তর ডিগ্রিসহ কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/কম্পিউটার এপ্লিকেশন ও হার্ডওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এ কমপক্ষে ১ (এক) বছর মেয়াদী ডিপ্লোমা; খ) SSC হতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত যে কোন দুটি পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ৩.৭৫ (তিন দশমিক সাত পাঁচ) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ৩ (তিন) এবং অন্য দুটি পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) থাকতে হবে অথবা নম্বর পদ্ধতিতে যে কোন দুটি পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণী এবং অন্য দুটি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী। **অভিজ্ঞতা:** পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে টেকনিক্যাল অফিসার (আইসিটি)/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/সমমানের ৯ম গ্রেড/তদুর্ধ্ব কর্মকর্তা পদে ৪ (চার) বছরের অভিজ্ঞতা।
৬.	অডিট এন্ড একাউন্টস অফিসার গ্রেড-৯ ৳ ৪৪০০০-১০৫৯০০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি/এমবিএ; খ) SSC হতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত যে কোন দুটি পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ৩.৭৫ (তিন দশমিক সাত পাঁচ) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ৩ (তিন) এবং অন্য দুটি পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) অথবা নম্বর পদ্ধতিতে যে কোন দুটি পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণী এবং অন্য দুটি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩২ বছর।
৭.	পিএ গ্রেড-১১ ৳ ২৫০০০-৬০৫০০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতক ডিগ্রি; খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩৫ বছর। **অভিজ্ঞতা:** পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে উচ্চমান সহকারী/সমমানের পদে ২ বছরের অভিজ্ঞতা অথবা অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৮.	ক্যাটালগার গ্রেড-১১ ৳ ২৫০০০-৬০৫০০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতক ডিগ্রি; খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা; গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; ঘ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঙ) বয়সসীমা অনধিক ৩২ বছর।
৯.	স্টোর কীপার গ্রেড-১২ ৳ ২৪৩০০-৫৮৭০০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতক ডিগ্রি; খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। **অভিজ্ঞতা:** সহকারী স্টোর কীপার/সমমানের পদে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

Shamim

১০.	ড্রাইভার গ্রেড-১৫ ৳ ২২৮০০-৫৫২০০/-	ক) JSC/অষ্টম/সমমানের পাশসহ হেভী ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে; খ) জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়; গ) বয়সসীমা অনধিক ৩২ বছর; ঘ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য। উল্লেখ্য যে, হেভী ড্রাইভিং লাইসেন্সধারী যোগ্য প্রার্থী পাওয়া না গেলে মিডিয়াম ড্রাইভিং লাইসেন্সধারী প্রার্থীর আবেদন বিবেচনা করা হবে। অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব জ্ঞান থাকতে হবে।
১১.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৬ ৳ ২১৯০০-৫২৯০০/-	ক) SSC ও HSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) কমপক্ষে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) অথবা নম্বর পদ্ধতিতে প্রত্যেক পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ; খ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; গ) প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ এবং ইংরেজী ৩০ শব্দ টাইপ করার ক্ষমতা থাকতে হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩২ বছর।
১২.	ডিপটিউবওয়েল অপারেটর গ্রেড-১৬ ৳ ২১৯০০-৫২৯০০/-	ক) SSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা ২য় বিভাগ; খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে; গ) কারিগরি শিক্ষা বোর্ড/অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সনদপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩২ বছর; ঙ) বাইসাইকেল চালনায় পারদর্শিতা অগ্রাধিকারযোগ্য।
১৩.	ল্যাব এটেনডেন্ট গ্রেড-১৯ ৳ ২০৫০০-৪৯৬০০/-	(ক) বিজ্ঞানে SSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা নম্বর পদ্ধতিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ; (খ) বয়সসীমা অনধিক ৩২ বছর।
১৪.	অফিস সহায়ক গ্রেড-২০ ৳ ২০০০০-৪৮৪০০/-	ক) SSC/সমমানের পরীক্ষায় জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) অথবা নম্বর পদ্ধতিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ; (খ) বয়সসীমা অনধিক ৩২ বছর।

১৪.১০.২০২৬
(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

bekarsfeed.com